সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ২৩২

তারিখঃ ০১ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য শুক্র ও শনিবারসহ অন্যান্য বন্ধের দিনে খালাসকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং-**

ক) বিজিএ/কাস/২০২৫/২১৬ তারিখঃ ২০/১০/২০২৫ইং
খ) বিজিএ/কাস/২০২৫/২১৭ তারিখঃ ২১/১০/২০২৫ইং
গ) বিজিএ/কাস/২০২৫/২১৮ তারিখঃ ২২/১০/২০২৫ইং
ঘ) বিজিএ/কাস/২০২৫/২২৬ তারিখঃ ২৮/১০/২০২৫ইং

আপনারা সকলে অবগত আছেন যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে গত ১৮/১০/২০২৫ইং তারিখে অগ্নি-দূর্ঘটনার ফলে আমদানিকৃত পণ্যসহ সংশ্লিষ্ট গুদামগুলো ধ্বংস প্রাপ্ত হয় এবং বর্তমানে পণ্য সংরক্ষণ ও ডেলিভারীসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য পর্যাপ্ত জায়গা পাওয়া যাচ্ছে না। যেখানে সেখানে পণ্য ফেলে রাখা হচ্ছে। এমনকি রানওয়েতেও পণ্য স্তুপ হয়ে আছে। যার ফলে পণ্য চালানগুলো অনিরাপদ এবং রোদ ও বৃষ্টিতে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। যা ইতোপূর্বে সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে অবগত করা হয়েছে।

ঢাকা কাস্টম হাউস, বাংলাদেশ বিমান, সিভিল এভিয়েশন থেকে মৌখিকভাবে আমদানিকৃত পণ্য শুক্র ও শনিবারসহ সকল ছুটির দিনে স্বাভাবিক কার্যদিবসের ন্যায় দ্রুত খালাস করার বিষয়ে তাগিদ দেয়া হচ্ছে। বর্তমানে স্বাভাবিক কর্মদিবসের মতো শুক্র ও শনিবারসহ অন্যান্য ছুটির দিনও পূর্ণ মাত্রায় পণ্য খালাস কার্যক্রম চালু আছে। কিন্তু বাংলাদেশ বিমান মারফত জানা যায় যে, ছুটির দিনগুলোতে পণ্য খালাসের হার অতি নগন্য।

তাই বর্তমানে এই সংকটকালীন সময়ে পোশাক খাতের সাপ্লাইচেইন ব্যবস্থা নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান সাধারণ কর্ম দিবসের মতো শুক্র ও শনিবারসহ অন্যান্য ছুটির দিনও দ্রুত খালাসের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

১/১১/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/২৯৬ ২০ অক্টোবর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য দ্রুত খালাসকরণ প্রসঙ্গে।**

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে গত ১৮/১০/২০২৫ইং তারিখে অগ্নি দূর্ঘটনার ফলে সৃষ্ট সংকট মোকাবেলায় অদ্য ২০/১০/২০২৫ইং তারিখে জনাব ফয়সাল সামাদ, পরিচালক, বিজিএমইএ'র নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দল কমিশনার, ঢাকা কাস্টম হাউসের সাথে সাক্ষাত করেন এবং বাংলাদেশ বিমান কর্তৃপক্ষ, ও সংশ্লিষ্ট অন্যান্য স্টেক হোল্ডারগণের সমন্বয়ে ঢাকা কাস্টম হাউসের সম্মেলন কক্ষে জরুরী সভা অনুষ্ঠিত হয়।

আমদানিকারক বা আমদানিকারকগণের প্রতিনিধিকে (সিএন্ডএফ এজেন্ট) বন্দরে পণ্য অবতরনের পূর্বে প্রয়োজনীয় সকল দলিলাদি প্রস্তুত রেখে সম্ভব হলে একই দিনে ডেলিভারি গ্রহনের জন্য কমিশানার মহোদয় বিশেষভাবে অনুরোধ করেন। পণ্য সংরক্ষন ও ডেলিভারী নেয়ার জন্য পর্যাপ্ত জায়গা না থাকা এবং নিরাপত্তার সু-ব্যবস্থা না থাকার কারণে ২৪ থেকে ৪৮ ঘন্টার মধ্যে চালান ডেলিভারি নেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে।

পণ্য ডেলিভারী সংক্রান্ত সমস্যায় সহায়তার জন্য জনাব কামরুল হাসান, যুগ্ম কমিশনার, ঢাকা কাস্টম হাউস, সেল নাম্বার: ০১৭৬৮-০৪১৮৪২ এবং বিমান বাংলাদেশ কর্তৃপক্ষের প্রতিনিধি জনাব ফিরোজ সালাউদ্দিন, ম্যানেজার ইমোর্ট অপারেশন, সেল নাম্বার: ০১৭১১-৯০১১২৮ কে ফোকাল পয়েন্ট হিসেবে সভায় মনোনীত করা হয়েছে।

এ সংক্রান্ত বিষয়ে সহায়তার প্রয়োজনে বিজিএমইএ'র কর্মকর্তা জনাব সাজ্জাদ মাহমুদ, সিনিয়র সহকারী সচিব, সেল নাম্বার: ০১৯১১-৫৪২৪২৭ এবং জনাব মোঃ বশিরউল্লাহ, সহকারী সচিব সেল নাম্বার: ০১৯৭৩-৪৩৪৭০৪ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

২০/১০/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব

BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২১৭

তারিখঃ ২১ অক্টোবর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আগুন থেকে রক্ষা পাওয়া পণ্য চালান ডেলিভারি নেয়া প্রসঙ্গে।

সূত্রঃ অপারেশন ম্যানেজার, আমদানি কার্গো কর্তৃক প্রেরিত ইনভেন্টরি কার্গো তালিকা, তারিখঃ ২০/১০/ ২০২৫ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা অবগত আছেন যে, গত ১৮/১০/২০২৫ইং তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে অগ্নি দুর্ঘটনার ফলে আমদানি পণ্যের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। অগ্নিকান্ডে সৃষ্ট সংকট মোকাবেলায় বিজিএমইএ'র প্রতিনিধিদল সার্বক্ষণিক ঢাকা কাস্টমস হাউস, বাংলাদেশ বিমান কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছেন।

উল্লেখ্য, কিছু পণ্য চালান আগুন থেকে রক্ষা পেয়েছে যা বিজিএমইএ গুদাম ও অন্যান্য জায়গায় রাখা হয়েছে। আগুন থেকে রক্ষা পাওয়া পণ্যের ইনভেন্টরি লিস্টে আপনার পণ্য থাকলে তা দ্রুত ডেলিভারী নেয়ার জন্য জনাব মোঃ ফিরোজ সালাউদ্দিন, ম্যানেজার ইমপোর্ট অপারেশন, সেল নম্বর:০১৭১১৯০১১২৮ এর সাথে যোগাযোগ করতে পারেন। এ বিষয়ে বিমান কর্তৃপক্ষ কার্গো ভিলেজের ৮নং গেইটে ইনফরমেশন ডেস্ক স্থাপন করেছে বলে জানিয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে ইনভেন্টরি কার্গো তালিকাটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২১/১০/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
— বাংলাদেশে তৈরি —
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CS CamScanner

BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২১৮ তারিখঃ ২২ অক্টোবর, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ কাস্টমস হাউস, ঢাকা কর্তৃক পোশাক শিল্পের আমদানি, রপ্তানি ও ব্যবসায়িক কার্যক্রম গতিশীল রাখার লক্ষ্যে একটানা ২৪ ঘন্টা তিন শিফটে কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সূত্রঃ কাস্টমস হাউস, ঢাকার আদেশ নথি নং-২-৭(১)জনপ্রশাঃ/সদর/০১/২০১৮(অংশ-৪/ ১৩২৮, ১৩২৯ ও ১৩৩০ (৫০) তারিখঃ ২১/১০/২০২৫ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, দুর্যোগ পরবর্তী অন্তর্বর্তীকালীন সময়ে আমদানি, রপ্তানি ও ব্যবসায়িক কার্যক্রম গতিশীল রাখার লক্ষ্যে কাস্টমস হাউস, ঢাকার অধিক্ষেত্রাধীন এয়ারফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিট এ একটানা ২৪ ঘন্টা তিন শিফটে কার্যক্রম পরিচালনার জন্য কাস্টমস হাউস, ঢাকা কর্তৃক সূত্রোক্ত আদেশ সমূহ জারী করা হয়েছে। আপনাদের স্ব-স্ব সিএন্ডএফ প্রতিষ্ঠানকে এই সুযোগ গ্রহণ করে আমদানিকৃত পণ্য দ্রুত ছাড়করণের নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

প্রয়োজনীয় কার্যার্থে কাস্টমস হাউস, ঢাকা এর সংশ্লিস্ট আদেশগুলো এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

22/10/25

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

Rezaul-Custom

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

8

BGMEA

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/২২৬ ২৮ অক্টোবর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য দ্রুত খালাসকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/২১৬, তারিখঃ ২০/১০/২০২৫

আপনারা সকলে অবগত আছেন যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে গত ১৮/১০/২০২৫ইং তারিখে অগ্নি দূর্ঘটনার ফলে পণ্য সংরক্ষন ও ডেলিভারী নেয়ার জন্য পর্যাপ্ত জায়গা না থাকা এবং নিরাপত্তার সু-ব্যবস্থা না থাকার কারণে ২৪ থেকে ৪৮ ঘন্টার মধ্যে চালান ডেলিভারি নেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে এ'বিষয়ে আপনাদেরেকে অবগত করা হয়েছে।

পোশাক খাতের পণ্য চালান দ্রুত ডেলিভারি ও নিরাপত্তা রক্ষার্থে এবং কুরিয়ারের চালান ডেলিভারির জটিলতা দূরীকরণে গত ২৭/১০/২০২৫ইং তারিখে জনাব ফয়সাল সামাদ, পরিচালক, বিজিএমইএ'র নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দল কাস্টমস, কুরিয়ার, বিমান বাংলাদেশ ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের সমন্বয়ে একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় আমদানিকারক/প্রতিনিধিগণকে পণ্য চালানের প্রয়োজনীয় দলিলাদি দাখিলপূর্বক দ্রুত খালাস করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বিনীত অনুরোধ জানান।

বর্তমান এই সংকটকালীন সময়ে দেশের সাপ্লাইচেইন ব্যবস্থা নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত চালান দ্রুত খালাসের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

২৮/১০/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org